৩৩

দৈনিক বাংলা

তারিখ ... 27 DEC 1994 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮ ...

# ঢাকা ভার্সিটির ১১ শিক্ষক চাকরিচ্যুত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ অননুমোদিতভাবে বিদেশে অবস্থান বা ছুটিতে থাকার অভিযোগে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১১ জন শিক্ষকের চাকরিচ্যুতি হয়েছে। এই অভিযোগে মোট ৫০ জন শিক্ষক অভিযুক্ত হয়েছেন। তাঁদের বিরুদ্ধেও ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে। সংশ্লিষ্ট

(৮-এর পৃ ৫-এর কঃ দ্রঃ)

## ঢাকা ভার্সিটির ১১

(প্রথম পৃষ্ঠার পর)

সূত্র থেকে জানা গেছে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৬টি অনুষদের ৮৬২ জন শিক্ষকের মধ্যে ১৪৩ জন বর্তমানে ছুটিতে আছেন। সূত্র জানান, এর মধ্যে ১৭ জন শিক্ষকের ছুটি অনুমোদিত নয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক একনাগাড়ে ৪ বছরের ছুটি নিতে পারেন। এ সময় ঐ শিক্ষক বিশ্ববিদ্যালয়ের বেতন-ভাতাসহ আনুষঙ্গিক সকল সুযোগ-সুবিধা পান। তবে বিনা বেতনে আরও বেশীদিনের ছুটি নেয়া যায়।

গত দুই বছরে অননুমোদিতভাবে ৫০ জনেরও বেশী শিক্ষক বিদেশে অবস্থান করছেন অথবা ছুটিতে আছেন। এদের অনুপস্থিতিতে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কার্যক্রমে নেতিবাচক প্রভাব পড়ে।

সূত্র জানান, যে সকল শিক্ষক ছুটিতে যাওয়ার আবেদন করেন তাঁদের প্রথমে বিশ্ববিদ্যালয়ের স্টাডি এ্যান্ড লিভ কমিটিতে এই মর্মে সুপারিশ করতে হয়, "তাদের অনুপস্থিতিতে বিভাগের কার্যক্রমে কোন অসুবিধা হবে না"।

যেসব শিক্ষক দীর্ঘদিন ধরে ছুটিতে রয়েছেন, কর্তৃপক্ষ তাদের বিশ্ববিদ্যালয়ে যোগদানের জন্য ফাইনাল নির্দেশ দেন। জানা গেছে, অনেক শিক্ষক তাদের অসুবিধার কথা জানিয়ে কর্তৃপক্ষকে চিঠি দেন, ঐ চিঠির যৌক্তিকতা যাচাই করে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেন। আবার অনেক শিক্ষক নির্দেশ অমান্য করে কোন চিঠিও লেখেন না এবং বিশ্ববিদ্যালয়েও ফিরে আসেন না। তাদের বিরুদ্ধে কর্তৃপক্ষ সিদ্ধান্ত গ্রহণ করেন। জানা গেছে বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত অনুসারে তাদের চাকরি হারাতে হয়।

সম্প্রতি এভাবে ছুটিতে থাকা ১১ জন শিক্ষকের চাকরিচ্যুতি এবং আরো ৩৯ জনের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত নিয়েছেন কর্তৃপক্ষ।

সূত্র জানান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের আবুল বায়ের, সমাজ বিজ্ঞানের কিবরুল খালেক ও আইন বিভাগের অপর একজন শিক্ষক তাদরে চাকরি যাতে বহাল থাকে তার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে সুপারিশ করেছেন। সূত্র জানিয়েছেন এ ব্যাপারে কর্তৃপক্ষ এখনও তাদের আবেদন মঞ্জুর করেননি।